# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৬৭

১/ বিবিধ

আরবী

من حول خاتمه أو عمامته أو علق خيطا في أصبعه ليذكره حاجته فقد أشرك بالله عز وجل، إن الله هو يذكر الحاجات
موضوع

رواه ابن عدي (33 / 1 ـ 2) وابن الجوزي في " الموضوعات " (3 / 74) من طريق بشر بن الحسين حدثنا الزبير بن عدي عن أنس مرفوعا، وقال ابن عدي: لا يصح
وقال ابن الجوزي: لا أصل له، بشر يروي عن الزبير بواطيل
وأقره السيوطي في " اللآليء " (2 /283) وزاد عليه بقوله: قلت: قال ابن حبان: روى بشر بن الحسين الأصبهاني عن الزبير نسخة موضوعة شبيها بمائة وخمسين حديثا،
وأقره ابن عراق في " تنزيه الشريعة " (2 / 322)

বাংলা

২৬৭। যে ব্যক্তি তার আংটি বা পাগড়ী উল্টিয়ে রাখে বা তার আংগুলে সুতা ঝুলিয়ে রাখে, যাতে করে তার প্রয়োজনীয়তাকে স্মরণ করতে পারে, সে ব্যক্তি অবশ্যই আল্লাহর সাথে শির্ক করল। কারণ আল্লাহ তা'আলাই প্রয়োজনীয়তাকে স্মরণ করিয়ে দেন।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী (৩৩/১-২) এবং ইবনুল জাওযী “আল-মাওযুআত” গ্রন্থে (৩/৭৪) বিশর ইবনুল হুসাইন সূত্রে ... বর্ণনা করেছেন। অতঃপর ইবনু আদী বলেছেনঃ এটি সহীহ নয়।

ইবনুল জাওযী বলেছেনঃ এটির কোন ভিত্তি নেই। কারণ বিশর যুবায়ের হতে বাতিল হাদীস বর্ণনাকারী। সুয়ূতী তার এ বক্তব্যকে “আল-লাআলী” গ্রন্থে (২/২৮৩) সমর্থন করে বলেছেনঃ ইবনু হিব্বান বলেনঃ বিশর ইবনুল হুসাইন আল-আসবাহানী যুবায়ের হতে একটি জাল কপি বর্ণনা করেছেন যাতে একশত পঞ্চাশটি হাদীস ছিল।

ইবনু আররাক "তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে (২/৩২২) তার এ বক্তব্যকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5527

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন